



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/27/2018

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গেটওয়ে টানেলের (GATEWAY TUNNEL) ব্যাপারে রাষ্ট্রপতি ট্রাম্পের সাথে সাক্ষাত নিয়ে  
গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর বিবৃতি**

*গেটওয়ে টানেলে ঋয় ঋতি প্রকাশ করে গভর্নর কুওমো রাষ্ট্রপতি ট্রাম্পকে যে ভিডিও দিয়েছেন তা  
দেখা যাবে [এখানে](#)*

গত মাসে গভর্নর কুওমো গেটওয়ে টানেল পরিদর্শন করেন এবং এর ঋয় ঋতি প্রকাশ করে এবং গেটওয়ে টানেল প্রকল্পে তহবিল দান করার প্রয়োজন জানিয়ে রাষ্ট্রপতি ট্রাম্পকে একটি [ভিডিও](#) পাঠান।

“ফেডারেল সরকারের কারণে নিউ ইয়র্ক স্টেট অনেক চ্যালেঞ্জের সম্মুখীন হয় কিন্তু গেটওয়ে টানেল প্রতিস্থাপন করা একটি শীর্ষস্থানীয় অগ্রাধিকার। টানেলগুলি ফেডারেলভাবে অ্যামট্রাক কর্পোরেশনের (Amtrak Corporation) মালিকানাধীন এবং এদের প্রতিস্থাপন আবশ্যিক। যদি 100 বছর পুরনো টানেল দুইটির যেকোনো একটি ব্যবহারের অযোগ্য হয়ে যায় তাহলে তা নিউ ইয়র্ক সিটি এবং পুরো উত্তরপূর্ব (Northeast) করিডোরের অর্থনীতির জন্য বিশাল এক প্রতিবন্ধকতা হয়ে উঠবে। এই টানেলগুলির ব্যাপারে ফেডারেল কর্মকর্তাদের সাথে আমাদের বহু কথোপকথন হয়েছে এবং ওবামা প্রশাসনের সাথে আমাদের একটি ফ্রেমওয়ার্ক চুক্তি হয়েছিল যা ট্রাম্প প্রশাসন বাতিল করে দেয়। আমি সম্প্রতি রাষ্ট্রপতি ট্রাম্পের কাছে টানেলের একটি ভিডিও পাঠিয়েছি যা পরিস্থিতি সম্পূর্ণভাবে ব্যাখ্যা করে। ভিডিওটিতে টানেলের ভেতরের ঋয় দেখানো হয়েছে। রাষ্ট্রপতি ভিডিওটি পাওয়ার পর আমি তার সাথে কথা বলেছি এবং টানেল প্রকল্পের ব্যাপারে আলোচনা অব্যাহত রাখতে আগামীকাল রাষ্ট্রপতির সাথে আমাদের একটি সম্ভাব্য সাক্ষাতের সময় ঠিক করা হয়েছে। এটি কোনো দলীয় সমস্যা নয় বরং সরকারের একটি বাস্তব প্রয়োজনীয়তা।”

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক রাজ্য | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)